

# আজকাল

কলকাতা ৩ অক্টোবর ১৪১৩ শনিবার ২১ অক্টোবর ২০০৬



কলকাতা বাংলা ভারত বিদেশ সম্পাদকীয় খেলা ঘরোয়া পুরনো সংস্করণ প্রথম পাতা  
৩৬ হাজার কোটিতে ব্রিটেনের কোরাস স্টিল কিনে নিল টাটা ।। দিল্লি-বেজিং বিমান উড়বে ৩১ অক্টোবর ।। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানেও সংরক্ষণ চালু করতে হবে

৩৬ হাজার কোটিতে ব্রিটেনের  
কোরাস স্টিল কিনে নিল টাটা

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানেও  
সংরক্ষণ চালু করতে হবে

দিল্লি-বেজিং বিমান উড়বে ৩১  
অক্টোবর

কৃষক নির্যাতন: দেওয়ালিতে  
পুড়বে বসুন্ধরার কুশপুতুল

অকাল নির্বাচনের ঈশিয়ারি  
গুরুদাসের

শুভেন্দু রায়চৌধুরি: দিল্লি, ২০ অক্টোবর— বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানেও সংরক্ষণ চালু করতে হবে। আজ কেন্দ্রের সঙ্গে এক বৈঠকে এই দাবি জানাল পশ্চিমবঙ্গ। প্রণব মুখার্জি, চিদম্বরম ও অর্জুন সিংয়ের উপস্থিতিতে রাজ্যের পক্ষ থেকে এই দাবি জানান উচ্চশিক্ষামন্ত্রী সুদর্শন রায়চৌধুরি। বৈঠক ডাকা হয়েছিল সংরক্ষণ-ইস্যুতে বিভিন্ন রাজ্যের মতামত জানতে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির নিয়মকানুন ও ফি নিয়ে কেন্দ্রীয় আইনের প্রয়োজনীয়তা আর আর্থিকভাবে সচ্ছলদের সংরক্ষণের আওতার বাইরে রাখার বিষয়টি তোলেন উচ্চশিক্ষামন্ত্রী। রাজ্যের ব্যাখ্যা, শিক্ষা যৌথসূচিতে থাকায় কেন্দ্র ও রাজ্যের আলাদা আলাদা আইন বিভ্রান্তিই বাড়াবে। তাই কেন্দ্র কোনও আইন করলে রাজ্যের সুবিধা। আর যাদের সংরক্ষণের প্রকৃত প্রয়োজন তাদের ক্ষেত্র প্রসারিত করা দরকার। জনজাতি উপজাতি নয়, কেবলমাত্র ও বি সি তালিকা থেকেই আর্থিকভাবে সচ্ছলদের বাদ দিতে হবে। সুদর্শনবাবু এই প্রস্তাবও দিয়েছেন যে, সংখ্যালঘু উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি নিজেদের মধ্যেই যারা দলিত রয়েছে তাদের জন্য সংরক্ষণ চালু করুক। উল্লেখ্য, সংখ্যালঘু উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা পশ্চিমবঙ্গে পাঁচটি। জানা গেছে আজকের বৈঠকে পশ্চিমবঙ্গের বক্তব্যে সমর্থন জানিয়েছে অনেক রাজ্যই। বৈঠকে বি জে পি শাসিত রাজস্থানের প্রতিনিধি উপস্থিত থাকলেও রাজ্যের বক্তব্যে তিনি কোনও আপত্তি জানাননি। অন্যদিকে বি ই কলেজকে উন্নত করার বিষয়টি নিয়েও আজ সুদর্শনবাবুর সঙ্গে অর্জুন সিংয়ের কথা হয়। দেশের পাঁচটি ইঞ্জিনিয়ারিং কলেজকে নিয়ে (যার মধ্যে বি ই কলেজ অন্যতম) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স গঠনের প্রস্তাবকে নীতিগতভাবে সমর্থন জানালেও কেন্দ্রের কয়েকটি শর্তে আপত্তি জানিয়েছেন তিনি। এই পাঁচটি কলেজে ভর্তির জন্য পৃথক প্রবেশিকা পরীক্ষার বিরোধী রাজ্য। রাজ্যের বক্তব্য, পশ্চিমবঙ্গে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা রয়েছে ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তির জন্য এবং সারা ভারতের ছাত্রেরা এই পরীক্ষায় বসতে পারে। কাজেই পৃথক প্রবেশিকা পরীক্ষার প্রয়োজন নেই। রাজ্যের আরও একটি দাবি, কেন্দ্রীয় সাহায্যে উন্নত হলেও সেখানে যথেষ্ট সংখ্যক পশ্চিমবঙ্গের ছাত্র যাতে পড়ার সুযোগ পায় তা সুনিশ্চিত করতে হবে। এ ছাড়া পরিচালন সমিতি কীভাবে গঠিত হবে তা নিয়েও কেন্দ্র ও রাজ্যের মতপার্থক্য রয়েছে। কেন্দ্র চায় পরিচালন সমিতি গঠিত হোক মনোনয়নের ভিত্তিতে। কিন্তু

রাজ্য চায় তা হোক গণতান্ত্রিক পদ্ধতিতে। এর সঙ্গে সঙ্গে শুধুমাত্র একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার কালে আর্থিক অনুদান দেওয়ার যে প্রস্তাব রেখেছে, তাতেও রাজ্যের আপত্তি রয়েছে। রাজ্য চায় কেন্দ্র এই দায়িত্ব নিজেই বহন করুক।

kolkata || bangla || bharat || bidesh || editorial || khela || ghoroa ||  
feedback || help || archive || first page

B P-7, Sector-5, Bidhannagar, Kolkata – 700091, Phone: 30110800, Fax: 23675502/5503

Copyright © Aajkaal Publishers Limited

Designed, developed & maintained by Datasoft Solutions